গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব ইফতেখার ইউনুস, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ১৪/১০/২০২১ খ্রি., বেলা ১০.৩০ টা
সভার স্থান ঃ অনলাইন জুম প্ল্যাটফর্ম
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি Zoom Cloud Meeting এ অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং করোনা ভাইরাস সংক্রমন মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে চলাসহ আইন শৃংখলা রক্ষার সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	<u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ</u> সভাপতি সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা অনুমোদন ও গ্রহণ করা যেতে পারে বলে সকলে মত প্রকাশ করেন।	কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া।
২	<u>উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ঃ</u> সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনায় সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, হিন্দু সম্প্রদায়ের শারদীয় দুর্গাপূজা উৎসব এবং মুসলিমদের পবিত্র ঈদে মিলাদুননবী একই সময়ে অনুষ্ঠিত হচ্ছে। কুমিল্লায় প্রতীমার পায়ের উপরে কোরআন শরীফ রাখা নিয়ে অপ্রত্যাশিত ও অনাকাঙ্ক্ষিত ঘটনায় যাতে রাঙ্গুনিয়া উপজেলায় কোন প্রভাব না পড়ে/অনাকাঙ্ক্ষিত কোন ঘটনা ঘটে সেদিকে সতর্ক/সজাগ থাকার জন্য মেয়র ও সকল ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান এবং ধর্ম নিয়ে যাতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে সে বিষয় স্ব-স্ব এলাকায় আইন শৃংখলা রক্ষাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ করেন এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত হওয়ার সম্ভাবনা দেখা গেলে তাৎক্ষণিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার/অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাকে জানানোর জন্য বিনীত অনুরোধ করেন। বেতাগী ইউ,পি চেয়ারম্যান জানান, তার ইউনিয়নে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে পূজা চলছে। চেয়ারম্যান, শিলক ইউ,পি জানান, তার ইউনিয়নে ১৬ টি পূজা মন্ডপ রয়েছে। অনেকসময় অন্য এলাকা থেকে বখাটে যুবক এসে কিছু পূজা মন্ডপে অপ্রীতিকর পরিবেশ সৃষ্টি করা চেষ্টা করে। জনপ্রতিনিধিগন নিজ নিজ এলাকায় যাতে অপ্রীতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবেন মর্মে উপজেলা নির্বাহী অফিসারকে আশ্বস্থ করেন। অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা জানা জানান, স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগিতায় পুলিশের ওপেন হাউস ডে পালিত হয়। তিনি সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন শারদীয় দুর্গাপূজা মন্ডপ সমূহে আইন শৃংখলা রক্ষায় পুলিশ বিভাগ সর্বদা সচেষ্ট রয়েছে।	১) শারদীয় দুর্গাপূজা যাতে শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয় এবং কুমিল্লার ঘটনা নিয়ে যাতে উপজেলায় বিরুপ প্রভাব না পড়ে সে বিষয়ে প্রয়োজনী পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ২) ওয়ান্টেভুক্ত আসামীদের আইনের আওতায় আনাসহ আইন শৃঙ্খলা উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন, অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম ও সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধি।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনার বিষয়বস্তু</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২</td><td>তিনি আইন শৃংখলা রক্ষায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সেপ্টেম্বর-২০২১ মাসের অপরাধ চিত্র পেশ করেন।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিবরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>অস্ত্র আইন</td><td>১</td></tr>
<tr><td>২</td><td>চুরি</td><td>-</td></tr>
<tr><td>৩</td><td>ধর্ষণ</td><td>১</td></tr>
<tr><td>৪</td><td>সড়ক দুর্ঘটনা</td><td>১</td></tr>
<tr><td>৫</td><td>মাদক</td><td>৭</td></tr>
<tr><td>৬</td><td>অন্যান্য</td><td>১২</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>২২</td></tr>
</table>
সভাপতি উপজেলার আইন শৃংখলা রক্ষায় বিস্তারিত আলোচনায় বিভিন্ন অপরাধ রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে নির্দেশনা দেন।</td><td></td><td></td></tr>
<tr><td>৩</td><td>মাদক/ইয়াবা সংক্রান্ত ঃ
সভাপতি মাদক ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি মাদক ব্যবসার সহিত জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে নির্দেশনা দেন এবং এ বিষয়ে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানান।</td><td>মাদক-ইয়াবা ব্যবসায়ী এবং চুরির সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম ও জনপ্রতিনিধিগণ।</td></tr>
<tr><td>৪</td><td>কোভিড-১৯ করোনা ভাইরাস এবং টিকা প্রদান সংক্রান্ত ঃ
সভাপতি কোভিড-১৯ করোনা ভাইরাস টিকা প্রদান কার্যক্রম সম্পর্কে জানানোর আহ্বান জানালে সংশ্লিষ্ট প্রতিনিধি জানান, টিকা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। কর্তৃপক্ষের নির্দেশনা মতে স্বাস্থ্য বিভাগ টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে এবং কোভিড-১৯ আক্রান্তের প্রতিরোধ বিষয়ে “নো মাস্ক নো সার্ভিস” কার্যক্রম অব্যহত থাকবে।</td><td>বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নসহ স্বাস্থ্যবিধি মেনে চলা, মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করা এবং টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>৫</td><td>ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত ঃ
সভাপতি জানান, চলতি মাসে ভ্রাম্যমান আদালতে বিভিন্ন আইনের আওতায় ১১ টি মামলায় ১১ জন ব্যক্তি হতে =২৯১০০/-টাকা জরিমানা আদায়ক্রমে সরকারী কোষাগারে জমা করা হয়। অবৈধ ভাবে পাহাড় কাটা, বালু উত্তোলনকারী/ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। তিনি ভ্রাম্যমান আদালত চলাকালে আইন-শৃঙ্খলা রক্ষায় সকলের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।</td><td>ভ্রাম্যমান আদালত কার্যক্রম অব্যাহত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম।</td></tr>
</table>

চেয়ারম্যান, উপজেলা পরিষদ প্রশাসনকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতাসহ শারদীয় দুর্গাপূজা যাতে শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয় এবং বিভাগীয় দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনে সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

১৪/১০/২০২১

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

CamScanner

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২১-৮৫২ তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮ বাংলা / ১৪ অক্টোবর, ২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি;
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম;
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;

সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম;
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
৭। উপজেলা .... কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
৯। জনাব .... রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
১০। অফিস নথি।

১৪/১০/2021

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং: ০২৩৩৩৪৪৫৯৬৬৫
ইমেইল: unorangunia@mopa.gov.bd